

🗏 আল-ফালাক | Al-Falaq | ٱلْفَلَق

আয়াতঃ ১১৩: ৪

া আরবি মূল আয়াত:

وَ مِن شَرِّ النَّفَّتٰتِ فِي العُقَدِ ﴿ ٢﴾

আর গিরায় ফুঁ-দানকারী নারীদের অনিষ্ট থেকে, — আল-বায়ান
এবং (জাদু করার উদ্দেশে) গিরায় ফুৎকারকারিণীদের অনিষ্ট হতে, — তাইসিরুল
এবং ঐ সব নারীর অনিষ্টতা হতে যারা গ্রন্থিতে ফুৎকার দেয়, — মুজিবুর রহমান
And from the evil of the blowers in knots — Sahih International

- ৪. আর অনিষ্ট হতে সমস্ত নারীদের, যারা গিরায় ফুক দেয়(১),
 - (১) দ্বিতীয় বিষয় হচ্ছে, (وَمِنْ شَرِّ النَّفَاثَاتِ فِي الْعُقَدِ) এখানে عَفْده অর্থ ফুঁ দেয়া। عَفْدُ শব্দটি عَقْده বহুবচন। অর্থ গ্রন্থি। যারা জাদু করে, তারা ডোর ইত্যাদিতে গিরা লাগিয়ে তাতে জাদুর মন্ত্র পড়ে ফুঁ দেয়। এখানে আর্লিঙ্গ ব্যবহার করা হয়েছে। বাহ্যত এটি নারীর বিশেষণ। এটি খারাপ আত্মাকেও বুঝাতে পারে। তখন অর্থ হবে ফুঁকদানকারী খারাপ আত্মা থেকে আমি আশ্রয় চাচ্ছি। আবার এটা ফুঁ দানকারীদের সমষ্টিকেও নির্দেশ করতে পারে, যাতে পুরুষ ও নারী উভয়ই দাখিল আছে। [আদওয়াউল বায়ান, ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

৪। এবং ঐসব আত্মার অনিষ্ট হতে, যারা (যাদু করার উদ্দেশ্যে) গ্রন্থিতে ফুৎকার দেয়। [1]

[1] مِن شَرِّ النفوس النَّفَّتَات । তিহ্য বিশেষ্যর বিশেষণ। النَّفَّتَات । অর্থাৎ, গ্রন্থি বা গিরাতে ফুৎকারকারী আত্মার অনিষ্ট হতে আশ্রয় প্রার্থনা। এ থেকে উদ্দেশ্য হল, যাদুর মত জঘন্য কর্মের কর্তা নর ও নারী উভয়ই। মোটকথা, এ দিয়ে যাদুকরের অনিষ্ট থেকে পানাহ চাওয়া হয়েছে। যাদুকর মন্ত্র পড়ে পড়ে ফুঁক মেরে গিরা দিতে থাকে। সাধারণতঃ যাকে যাদু করা হয়, তার চুল অথবা কোন ব্যবহূত জিনিস সংগ্রহ করে তাতে যাদু করা হয়।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন